শ্রীনগর অংশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শিল্প ও শক্তি সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা

# পরিদর্শন প্রতিবেদন

(চলমান প্রকল্প)

১. **প্রকল্পের নাম** : এনহ্যান্সমেন্ট অব ক্যাপাসিটি অব গ্রীড সাবস্টেশনস্ এন্ড ট্রান্সমিশন লাইনস (ফেজ-১)

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ।

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি)

৪. **প্রকল্পের অবস্থান** :

| জেলা | উপজেলা |
|---|---|
| ঢাকা | কেরাণীগঞ্জ, নবাবগঞ্জ |
| নারায়ণগঞ্জ | বন্দর, রূপগঞ্জ ও সোনারগাঁও |
| নরসিংদী | সদর, পলাশ |
| মুন্সিগঞ্জ | শ্রীনগর |
| ব্রাহ্মণবাড়ীয়া | আশুগঞ্জ |
| কুমিল্লা | দাউদকান্দি, সদর ও চৌদ্দগ্রাম |
| ফেণী | সদর |
| ঝিনাইদহ | সদর |
| মাগুরা | সদর |
| নড়াইল | সদর |
| বগুড়া | শেরপুর |
| সিরাজগঞ্জ | সদর |
| নাটোর | সদর |
| চাঁপাইনবাবগঞ্জ | সদর |
| রংপুর | সদর |
| লালমনিরহাট | তিস্তা |
| কুড়িগ্রাম | সদর |
| ঠাকুরগাঁও | সদর |
| গাইবান্ধা | পলাশবাড়ী |

৫. **প্রাক্কলিত ব্যয়** :

(লক্ষ টাকায়)

| মোট | জিওবি | সংস্থার নিজস্ব অবদান | প্রকল্প সাহায্য (ধরন) | প্রকল্প সাহায্যের উৎস |
|---|---|---|---|---|
| ১৩৩২৬৭.৬৩ | ২১২৬৭.৬২ | ২০৭৬৬.৮০ | ৯১২৩৩.২১ (ঋণ) | আইডিএ |

৬. **বাস্তবায়নকাল** : জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত

৭. **সাধারণ পর্যবেক্ষণ :**

৭.১ **পটভূমি:** দেশের নতুন নির্মিতব্য বিদ্যুৎ কেন্দ্রগুলিতে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করতে গেলে বিদ্যমান গ্রীড উপকেন্দ্র ও সঞ্চালন লাইন ওভারলোডেড হয়ে পড়বে। এছাড়া পুরাতন যন্ত্রপাতি ও অপ্রচলিত ডিজাইনের কারণে বেশ কিছু সংখ্যক গ্রীড উপকেন্দ্র প্রতিনিয়ত সমস্যার সম্মূখীন হচ্ছে। দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য নতুন গ্রীড উপকেন্দ্র নির্মাণসহ সঞ্চালন নেটওয়ার্কের ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৭.২ **উদ্দেশ্য :**

- দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ;
- গ্রামীণ এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

৭.৩ **প্রকল্পের অনুমোদন:** মোট ১৩৪৪০৮.৪১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় এবং জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ১৯ এপ্রিল ২০১৪ তারিখের একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়।

৭.৪ **প্রকল্প পরিদর্শন:** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক প্রকল্পটির ঢাকার কেরাণীগঞ্জ উপজেলা অংশ গত ৪ এপ্রিল ২০১৬ তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত হয়ে সহায়তা প্রদান করেন।

৭.৫ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

মোঃ শহীদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) ১৭ ফেব্রুয়ারী ২০১৫ থেকে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব পালন করে আসছেন।

৭.৬ **প্রকল্পের মূল কার্যক্রম :**

- কেরাণীগঞ্জ-নবাবগঞ্জ ১৩২ কেভি ডবল সার্কিট লাইন স্থাপন: ২৫ কিঃমিঃ;
- ডবল সার্কিট টাওয়ারে মাগুরা-নড়াইল ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট লাইন স্থাপন: ৪০ কিঃমিঃ;
- ডবল সার্কিট টাওয়ারে তিস্তা-কুড়িগ্রাম ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট লাইন স্থাপন: ২০ কিঃমিঃ;
- কেরাণীগঞ্জ-শ্রীনগর ১৩২ কেভি ডবল সার্কিট লাইন স্থাপন: ১৫ কিঃমিঃ;
- হাসনাবাদ-আমিনবাজার ২০০ কেভি ডবল সার্কিট লাইন হতে প্রস্তাবিত কেরানীগঞ্জ ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্র পর্যন্ত ডাবল সার্কিট ইন-আউট লাইন স্থাপন: ১ কিঃমিঃ;
- প্রস্তাবিত কেরাণীগঞ্জ ২০০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্রকে সংযুক্ত করার লক্ষ্যে ফোর-সার্কিট ইন্টারকানেকটিং ১৩২ কেভি লাইন স্থাপন: ৩.৫ কিঃমিঃ;
- সিরাজগঞ্জ-বগুড়া ১৩২ কেভি লাইন হতে প্রস্তাবিত শেরপুর (বগুড়া) ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র পর্যন্ত ডাবল সার্কিট ইন-আউট লাইন স্থাপন: ২কিঃমিঃ; এবং
- নতুন ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে কেরানীগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যমান ফোর-সার্কিট ১৩২ কেভি লাইন এর Re-Routing: ২কিঃমিঃ;
- কেরাণীগঞ্জ ৩×২২৫/৩০০ এমভিএ (২৩০/১৩২ কেভি) এবং ২.৫০/৭৫ এমভিএ (১৩২/৩৩ কেভি) ট্রান্সফরমার সম্বলিত ২৩০/১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ;
- নবাবগঞ্জে ২×৫০/৭৫ এমভিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র নির্মাণ;
- নড়াইলে ২×২৫/৪১ এমভিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেভি Low Cost উপকেন্দ্র নির্মাণ;
- কুড়িগ্রামে ২×২৫/৪১ এমভিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেভি Low Cost উপকেন্দ্র নির্মাণ;
- শেরপুরে (বগুড়া) ২×২৫/৪১ এমভিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র নির্মাণ;
- শ্রীনগরে ২×২৫/৪১ এমভিএ ট্রান্সফরমার সম্বলিত ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র নির্মাণ;
- ঠাকুরগাঁও ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে ২×৫০/৭৫ এমভিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- পলাশবাড়ী ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে ২×৫০/৭৫ এমভিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- সিরাজগঞ্জ ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্রে ২×৫০/৭৫ এমভিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- নাটোর ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্রে ২×৫০/৭৫ এমভিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- চাপাইনবাবগঞ্জে ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্রে ২×৫০/৭৫ এমভিএ থ্রি-ফেইজ ট্রান্সফরমার স্থাপন;
- হরিপুর-ঘোড়াশাল-আশুগঞ্জ ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন রিকডাকটরিং ৮৯ কিঃমিঃ;
- হরিপুর-কুমিল্লা-ফেনী ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন রিকডাকটরিং ১৪০ কিঃমিঃ;
- বিদ্যমান ঝিনাইদহ-মাগুরা ১৩২ কেভি লাইন ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট স্ট্রিংগিং ২৮ কিঃমিঃ;
- বিদ্যমান রংপুর-তিস্তা ১৩২ কেভি লাইন ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট স্ট্রিংগিং ২৩ কিঃমিঃ;
- ঝিনাইদহে বে-সম্প্রসারণ ১টি;
- কেরাণীগঞ্জে বে-সম্প্রসারণ ২টি;
- মাগুরায় বে-সম্প্রসারণ ২টি; এবং
- রংপুরে বে-সম্প্রসারণ ১টি।

## ৮. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি :

৮.১ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ : (শ্রীনগর উপজেলা অংশ)

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | অঙ্গের নাম | অনুমোদিত ডিপিপি অনুযায়ী | | মার্চ ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | বাস্তব | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কর্মকর্তাদের বেতন | ২৩ জন | ৩১৫.০০ | ১৩ জন | ৭৮.৬৩ (২৪.৯৬%) |
| ২ | কর্মচারীদের বেতন (পিজিসিবি) | ৭ জন | ৩৯.৫৯ | ৬ জন | ১৭.২৩ (৪৩.৫২%) |
| ৩ | ভাতা (পিজিসিবি) | ৩০ জন | ৫৩২.৭৫ | ১৯ জন | ১৫৮.৩০ (৩০.১৭%) |
| ৪ | ভ্রমণ ব্যয় (পিজিসিবি) | থোক | ২৫.২০ | থোক | ৩.৪৬ (১৩.৭৩%) |
| | ভ্রমণ ব্যয় (আরইবি) | থোক | ৫.০০ | থোক | - |
| ৫ | জ্বালানী ব্যয় (পিজিসিবি) | থোক | ১২৬.০০ | থোক | ১৪.৪৫ (১.১৫%) |
| | জ্বালানী ব্যয় (আরইবি) | থোক | ১০.৫০ | থোক | - |
| ৬ | ইন্সুরেন্স ব্যয় (পিজিসিবি) | থোক | ৩৮৭.২৩ | থোক | - |
| | ইন্সুরেন্স ব্যয় (আরইবি) | থোক | ৩৮.৩৪ | থোক | - |
| ৭ | পরিবহন ব্যয় (পিজিসিবি) | থোক | ১১০৬.৩৬ | থোক | - |
| | পরিবহন ব্যয় (আরইবি) | থোক | ১০৯.৫৫ | থোক | - |
| ৮ | ক্ষতিপূরণ | ১০৮.৫ কিঃমিঃ | ৫২৭৬.৬০ | - | - |
| ৯ | কনসালটেন্সি | ৮৪ জনমাস | ৭৬০.৫৭ | - | - |
| ১০ | টেস্টিং ফি | থোক | ১৪.০০ | থোক | - |
| ১১ | জরিপ | ১০৮.৫ কিঃমিঃ | ১০.৮৫ | - | - |
| ১২ | ভাড়ার মূল্য (অফিস,সিকিউরিটি ইত্যাদি) | থোক | ৭৩.০০ | থোক | - |
| ১৩ | বিবিধ (ইআইএ, ডিএ, ওটি ইত্যাদি) | থোক | ১৮০.৪০ | থোক | ১৬.৩০ (৯.০৪%) |
| ১৪ | যানবাহন (পিজিসিবি) (ভাড়াভিত্তিতে) | ১০ টি (জীপ ১টি, ডাবল ক্যাব পিকআপ ৩টি মোটর সাইকেল ৬টি) | ১৯৮.২৫ | - | - |
| ১৫ | অফিস যন্ত্রপাতি | থোক | ৯.০০ | থোক | - |
| ১৬ | অফিস আসবাবপত্র | থোক | ৭.৬৭ | থোক | - |
| ১৭ | টুলস, পস্ন্যান্টস, স্পেয়ার্স (পিজিসিবি) | লট | ১৬৫৯.৫৪ | লট | - |
| | টুলস, পস্ন্যান্টস, স্পেয়ার্স (আরইবি) | লট | ১৬৪.৩২ | লট | - |
| ১৮ | ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (পিজিসিবি) | লট | ৫৩৬৫৮.৫৫ | লট | - |
| | ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি (আরইবি) | লট | ৫৩১৩.০৭ | লট | - |
| ১৯ | ভূমি ও সম্পদ অধিগ্রহণ/ক্রয়: | ২৪ একর | ৩৩৪৮.০০ | | |
| | নবাবগঞ্জ | ৫ একর | ৬০০.০০ | ৫ একর | - |
| | কেরানীগঞ্জ | ৩ একর | ৬৯০.০০ | ৩ একর | - |
| | শ্রীনগর | ৫ একর | ১১০০.০০ | ৫ একর | ১৪৩১.৫৭ (১৩০.১৪%) |
| | শেরপুর (বগুড়া) | ৫ একর | ৩৫৬.০০ | ৫ একর | - |
| | নড়াইল | ৩ একর | ৩৬১.০০ | ৩ একর | - |
| | কুড়িগ্রাম | ৩ একর | ২৪০.০০ | ৩ একর | - |
| ২০ | ভূমি উন্নয়ন | ২২৬৬২৪ ঘঃমিঃ | ১০২৫.২২ | - | - |
| ২১ | আবাসিক ভবন | থোক | ৬৯৭.৩২ | - | - |
| ২২ | অন্যান্য ভবন (অনাবাসিক) (পিজিসিবি) | থোক | ১৯৫৩.৪৬ | - | - |

| ক্রমিক নম্বর | অঙ্গের নাম | অনুমোদিত ডিপিপি অনুযায়ী | | মার্চ ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | বাস্তব | আর্থিক (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | অন্যান্য ভবন (অনাবাসিক) (আরইবি) | থোক | ৯০০.০০ | - | - |
| ২৩ | নির্মাণ ব্যয় (পিজিসিবি) | থোক | ১৭০৩৪.৫৪ | - | - |
| | নির্মাণ ব্যয় (আরইবি) | থোক | ১১৮২.২২ | - | - |
| ২৪ | সিডি ভ্যাট (পিজিসিবি) | থোক | ১৭৯৭৮.৩৮ | - | - |
| | সিডি ভ্যাট (আরইবি) | থোক | ১৭৮০.১৫ | - | - |
| ২৫ | নির্মাণকালীন সুদ (পিজিসিবি) | থোক | ৭৯৭৯.১৪ | - | - |
| | নির্মাণকালীন সুদ (আরইবি) | থোক | ১৬৮.২১ | - | - |
| ২৬ | ডেভেলপমেন্ট ক্যাপিটাল ফান্ড (আইটি এবং ভ্যাট) (পিজিসিবি) | থোক | ১৭৮৮.৬৩ | - | - |
| ২৭ | প্রাইস কন্টিজেন্সী (পিজিসিবি) | থোক | ৪১৫৯.৬৬ | - | - |
| | প্রাইস কন্টিজেন্সী (আরইবি) | থোক | ৯৬.২২ | - | - |
| ২৮ | ফিজিক্যাল কন্টিজেন্সী (পিজিসিবি) | থোক | ২৯৫৩.৯২ | - | - |
| | ফিজিক্যাল কন্টিজেন্সী (আরইবি) | থোক | ৭৭.০৮ | - | - |
| | সর্বমোট | | ১৩৩২৬৭.৬৩ | | ১৭১৯.৯৪ (১.২৯%) |

**৯. পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

**প্রধান অঙ্গসমূহের বিবরণ:**

৯.১ অনুমোদিত ডিপিপি অনুসারে ঢাকার শ্রীনগর উপজেলায় ১৩২/৩৩ কেভি ১টি এআইএস উপকেন্দ্র নির্মাণের জন্য ১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৫ একর ভূমি অধিগ্রহণ ও ২০১.০২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২ মিটার গভীরতাসম্পন্ন ৪০৪৬৮.৬ লক্ষ ঘন মিটার ভূমি উন্নয়নের সংস্থান রয়েছে। পরিদর্শনকালীন সময় পর্যন্ত উক্ত ৫ একর ভূমি অধিগ্রহণ বাবদ ১৪৩১.৫৭ লক্ষ টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে পরিশোধ করা হয়েছে। এ অঙ্গের আর্থিক অগ্রগতি ১৩০.১৪% এবং ভৌত অগ্রগতি ২.৬৩%। দেখা যায় যে, অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলন অপেক্ষা ভূমি অধিগ্রহণের জন্য ৩৩১.৫৭ লক্ষ টাকা বেশি ব্যয় করা হয়েছে।

৯.২ ৫৬১২.৯১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে শ্রীনগর উপজেলায় ১৩২/৩৩ কেভি, ২×৫০/৭৫ এমভিএ এআইএস উপকেন্দ্র নির্মাণ করা হবে। ৯৮৩.৪৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এ উপকেন্দ্রে ৩৩ কেভির ১০টি লাইন বে সম্প্রসারণ করা হবে। এ উপকেন্দ্র নির্মাণের জন্য গত ১০ নভেম্বর ২০১৫ তারিখে দরপত্র আহবান করা হয়। অতঃপর দরপত্রের প্রস্তাব অনুমোদনের জন্য ২৩ মার্চ ২০১৬ তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে। চুক্তি স্বাক্ষরের সম্ভাব্য তারিখ ছিল ৫ মে ২০১৬ তারিখ এবং বাস্তবে গত ৯ মে ২০১৬ তারিখে এ বিষয়ে চুক্তি স্বাক্ষর হয়েছে। ডিপিপি'র প্রকিউরমেন্ট পরিকল্পনা অনুসারে এ কাজের চুক্তি স্বাক্ষরের সম্ভাব্য সময় ছিল ফেব্রুয়ারি ২০১৫ এবং জুলাই ২০১৭ এর মধ্যে এ কাজ সম্পাদনের জন্য নির্ধারিত আছে। অতএব ঠিকাদারের সঙ্গে চুক্তি স্বাক্ষরের ক্ষেত্রে দেখা যায় প্রকল্প কর্তৃপক্ষ ১৫ মাস পিছিয়ে আছে।


৯.৩ প্রকল্প পরিচালকের সঙ্গে আলোচনাকালে জানা যায় যে, দাতা সংস্থা আইডিএ এর পরামর্শ অনুসারে বীড ডকুমেন্ট প্রণয়নে বিলম্বের কারণে দরপত্র প্রক্রিয়া বিঘ্নিত হয়েছে। এ ছাড়া চুক্তি সংক্রান্ত দলিলপত্রের উপর বাণিজ্য, অর্থ এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং প্রাপ্তিতে বিলম্বের কারণেও প্রকল্প বাস্তবায়ন বিঘ্নিত হয়।

৯.৪ প্রকল্পের কর্মপরিকল্পনা অনুসারে ২০১৪-১৫ অর্থবছরে ২ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান থাকলেও উক্ত অর্থবছরে কোন টাকা ব্যয় হয়নি এবং ১% ভৌত লক্ষ্যমাত্রার বিপরীতে ০.৯% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। চলতি (২০১৫-১৬) অর্থবছরে ৩০৪২.০০ লক্ষ টাকার বিপরীতে পরিদর্শনকালীন সময় পর্যন্ত কোন টাকা ব্যয় হয়নি এবং ২০% ভৌত লক্ষ্যমাত্রার বিপরীতে ৯.৫% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

১০। প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র: প্রকল্প সংশ্লিষ্ট ২ (দুই)টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো:-



চিত্র-১: প্রকল্পের অধীনে শ্রীনগর উপজেলায় ১৩২/৩৩ কেভি ১ টি এআইএস উপকেন্দ্র নির্মাণস্থল।



চিত্র-২: শ্রীনগর উপজেলার বিদ্যমান ৩৩ কেভির সঞ্চালন লাইন যেখান থেকে প্রকল্পের অধীনে ১৩২ কেভির সংযোগ প্রদান করা হবে।

## ১১. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:

| ক্রমিক নম্বর | কাজের নাম/প্যাকেজের নাম | দরপত্র আহবানের তারিখ (পত্রিকার নাম) | দরপত্র খোলার তারিখ | *পিজিসিবি বোর্ড কর্তৃক দরপত্রের কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ | দাতা সংস্থা (আইডিএ) কর্তৃক কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ | *পিজিসিবি কর্তৃক আর্থিক প্রস্তাব মূল্যায়ন অনুমোদনের তারিখ | দাতা সংস্থা (আইডিএ) কর্তৃক আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ | -চুক্তি স্বাক্ষরের তারিখ<br>- ঠিকাদারের নাম<br>- চুক্তি অনুসারে কার্য-সম্পাদনের তারিখ<br>- বাস্তবে কার্য-সম্পাদনের তারিখ<br>- চুক্তি মূল্য<br>-পরিশোধিত মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | প্যাকেজ-০৪: নওয়াবগঞ্জ, নড়াইল ও শ্রীনগরে ১৩২/৩৩ কেভি. এআইএস উপকেন্দ্র নির্মাণ (৩৩ কেভি সুইচিং স্টেশন সহ) এবং ঝিনাইদহ, নড়াইল ও মাগুরায় গ্রীড উপকেন্দ্র ১৩২ কেভি বে সম্প্রসারণ।মাগুরায় ১৩২ কেভি বে সম্প্রসারণ | ১০ নভেম্বর ২০১৫ | ৩১ জানুয়ারী ২০১৬ | ৩ মার্চ ২০১৬ | ১০ মার্চ ২০১৬ | ৩ মার্চ ২০১৬ | ১০ মার্চ ২০১৬ | - ৯ মে ২০১৬<br>- কনসোর্টিয়াম অব এনার্জি প্যাক-দাইউ<br>- জুন ২০১৮<br>- চলমান<br>- ১৩০০০.০০<br>- প্রযোজ্য নয় |

## ১২। সমস্যা:

১২.১ **বীড ডকুমেন্ট প্রণয়নে বিলম্ব :** দাতা সংস্থা আইডিএ এর পুনঃ পুনঃ মতামত/পরামর্শ অনুসারে বীড ডকুমেন্ট প্রণয়নে সময় ক্ষেপণের কারণে সার্বিকভাবে দরপত্র প্রক্রিয়া বিলম্বিত হয়েছে (অনুচ্ছেদ: ৯.৩);

১২.২ **চুক্তি দলিলের উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের ভেটিং প্রাপ্তিতে বিলম্ব :** ICB পদ্ধতিতে দরপত্র আহবানের ক্ষেত্রে ঠিকাদারের সঙ্গে সম্পাদিতব্য চুক্তি দলিলের উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ যথা অর্থ বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় এর ভেটিং প্রাপ্তিতে বিলম্বের কারণে চুক্তি সম্পাদনে বিলম্ব হচ্ছে এবং বাস্তবায়ন বিঘ্নিত হচ্ছে (অনুচ্ছেদ: ৯.৩);

১২.৩ **প্রাক্কলন অপেক্ষা বেশি ব্যয়:** অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলন অপেক্ষা ভূমি অধিগ্রহণের জন্য ৩৩১.৫৭ লক্ষ টাকা বেশি ব্যয় করা হয়েছে (অনুচ্ছেদ: ৯.১); এবং

১২.৪ **প্রকল্পের ধীর গতি :** প্রকল্পের কর্মপরিকল্পনা অনুসারে ২০১৪-১৫ অর্থবছরে ২.০০ লক্ষ টাকা ব্যয়ের সংস্থান থাকলেও উক্ত অর্থবছরে কোন টাকা ব্যয় হয়নি। চলতি অর্থবছরে ৩০৪২.০০ লক্ষ টাকার বিপরীতে পরিদর্শনকালীন সময় পর্যন্ত কোন টাকা ব্যয় হয়নি এবং ২০% ভৌত লক্ষ্যমাত্রার বিপরীতে ৯.৫% লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে (অনুচ্ছেদ: ৯.৪)।

-২৭০-

১৩। সুপারিশ:

১৩.১ বীড ডকুমেন্ট প্রণয়নে বিলম্ব পরিহারের উদ্দেশ্যে দাতা সংস্থা আইডিএ'র সঙ্গে নিবিড়ভাবে যোগাযোগ/সমন্বয় সাধন করে সার্বিকভাবে দরপত্র প্রক্রিয়া ত্বরান্বিতকরণে বাস্তবায়নকারী সংস্থা সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ: ১২.১);

১৩.২ দরপত্র আহবানের ক্ষেত্রে ঠিকাদারের সঙ্গে সম্পাদিতব্য চুক্তি দলিলের উপর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর ভেটিং প্রাপ্তি ত্বরান্বিতকরণে উক্ত মন্ত্রণালয়/বিভাগসমূহের সঙ্গে ধারাবাহিকভাবে যোগাযোগ রক্ষা করতে হবে (অনুচ্ছেদ: ১২.২);

১৩.৩ অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলন অপেক্ষা ভূমি অধিগ্রহণের জন্য ৩৩১.৫৭ লক্ষ টাকা বেশি ব্যয়ের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ খতিয়ে দেখে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ: ১২.৩); এবং

১৩.৪ শ্রীনগর ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র নির্মাণের জন্য ৫ একর ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিতকরণে ভূমি মন্ত্রণালয়/ সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সঙ্গে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করতে হবে;

১৩.৫ প্রকল্পের কর্মপরিকল্পনা অনুসারে ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা অর্জনে বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (অনুচ্ছেদ: ১২.৪);

১৩.৬ প্রকল্পের সকল অঙ্গের কাজ মানসম্মতভাবে এবং নির্ধারিত সময়ে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ মনিটরিং জোরদার করবে; এবং

১৩.৭ ১৩.১-১৩.৬ অনুচ্ছেদের আলোকে গৃহীত ব্যবস্থার বিষয়ে আইএমই বিভাগকে দ্রুত অবহিত করতে হবে।

৩০/৫/২০১৮

নাসিমা মহসিন
পরিচালক (শক্তি)